

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা।
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২১.০৬.০০১.১৯- ১৬

তারিখ : ২৮/০১/২০২৫ খ্রি.

বিষয় : মৎস্য অভয়াশ্রমকে ক্যাটাগরিতে বিভক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : ১৯-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে বিদ্যমান মৎস্য অভয়াশ্রমকে ক্যাটাগরিতে বিভক্ত করার জন্য বিগত ১৯-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সেপ্রেক্ষিতে জলাশয়ের প্রকৃতি, মাছের জীবন প্রক্রিয়া ইত্যাদি বিবেচনায় মৎস্য অভয়াশ্রমকে ০৩(তিন)টি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, আপনার বিভাগের অধীন বিদ্যমান মৎস্য অভয়াশ্রমকে সংযুক্ত তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(বরুন চন্দ্র বিশ্বাস)

উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)

ফোন: ০১৭১৫৫৭৬৮৯১

ইমেইল: borunbiswas19@gmail.com

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা/ সিলেট বিভাগ, সিলেট/ বরিশাল বিভাগ, বরিশাল/ রংপুর বিভাগ, রংপুর/
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

নং-৩৩.০২.০০০০.১২১.০৬.০০১.১৯- ১৬

তারিখ : ২৮/০১/২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)-----

৪. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)-----

৫. সহকারী পরিচালক (স্টাফ অফিসার), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. সংশ্লিষ্ট নথি।


(ইসফাত আরা মিশু)

সহকারী পরিচালক

ফোন: ০২-২২৩৩৮০৬৫৩

ই-মেইল: jalmahaldof@gmail.com

ক্যাটাগরিভিত্তিক মৎস্য অভয়াশ্রমের বিবরণ :

ক্রমিক নং	মৎস্য অভয়াশ্রমের ক্যাটাগরি	মৎস্য অভয়াশ্রমের বিবরণ	মন্তব্য
১.	ক্যাটাগরি- এ	<ol style="list-style-type: none"> এ জাতীয় অভয়াশ্রম প্রধানত বিল বা প্লাবনভূমিতে স্থাপন করা হয়; এক্ষেত্রে কোন নির্দিষ্ট স্থানে বছরের কোন নির্দিষ্ট সময়ের জন্য মাছ আহরণ/শিকার বন্ধ থাকবে; জলাশয়ের কোন নির্দিষ্ট স্থানে, নির্দিষ্ট সময়ের জন্য গাছের ডালপালা, বাঁশ, অন্যান্য সামগ্রী স্থাপন করেও এরূপ অভয়াশ্রম স্থাপন করা যায়; মাছ ও অন্যান্য জলজ প্রাণির জীবনচক্রের সংকটকালীন সময়ে আশ্রয় গ্রহণকারী স্থানটিকেও নির্দিষ্ট সময়ের জন্য (যেমন-খরা মৌসুম) অভয়াশ্রম হিসেবে সংরক্ষণ করা যাবে; কৈ, শিং, মাগুর, শোল, টাকি, গজার ইত্যাদি মাছ যে স্থানে ডিম ছাড়ে ও বাচ্চা লালন করে (parental care), ঐ সকল স্থানে মাছ আহরণে নিষেধাজ্ঞা দিয়ে এ ধরনের অভয়াশ্রম স্থাপন করা যাবে; প্লাবনভূমি বা বিলে দেশীয় ছোট মাছের প্রজনন মৌসুমে কয়েক মাসের জন্য মৌসুমী অভয়াশ্রম স্থাপন করা যেতে পারে, তবে ১ (এক) বছর হওয়া বাঞ্ছনীয়। 	স্বল্প মেয়াদী বা মৌসুমী অভয়াশ্রম
২.	ক্যাটাগরি- বি	<ol style="list-style-type: none"> কোন জলাশয়ের কোন নির্দিষ্ট এলাকায় সারা বছর বা কয়েক বছর মেয়াদে মাছ আহরণ নিষিদ্ধ করে অভয়াশ্রম স্থাপন করা হয়; জলাশয়ের যে অংশে মাছ জীবনচক্রের অধিকাংশ সময় অতিবাহিত করে এমন জায়গায় স্থাপন করা যাবে; নদী/বিশেষায়িত জলাশয়ে এ ধরনের অভয়াশ্রম স্থাপন করা যাবে; অভয়াশ্রম ৩-৫ (পাঁচ) বছর মেয়াদী হতে হবে। 	মধ্য মেয়াদী বা সাংবৎসরিক অভয়াশ্রম
৩.	ক্যাটাগরি- সি	<ol style="list-style-type: none"> কোন জলাশয়, নদী বা বিলের সম্পূর্ণ অংশে/নির্দিষ্ট এলাকায় স্থায়ী/দীর্ঘমেয়াদে অভয়াশ্রম স্থাপন করা হয় ; এক্ষেত্রে সংশ্লিষ্ট জলাশয়/অভয়াশ্রমের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সুফলভোগীদের অনুকূলে দীর্ঘমেয়াদে লিজ প্রদান করা যাবে; সমাজভিত্তিক ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদ সংরক্ষণ (Conservation) ও ব্যবস্থাপনার মাধ্যমে অভয়াশ্রম ব্যবস্থাপনা করা হবে; এ ধরনের অভয়াশ্রম ৬-১৫ বছর মেয়াদী হতে হবে। এ ধরনের অভয়াশ্রমে মাছ আহরণ সম্পূর্ণরূপে বন্ধ থাকবে। 	দীর্ঘমেয়াদী অভয়াশ্রম